

বিজ্ঞপ্তি

স্মারক নম্বর- ৪১.০১.২২২৪.০০০.১৮.০১২.১৩. ৮৪

তারিখ: ৯ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
২৩ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: উপজেলা সমাজসেবা কার্যালয়, কক্সবাজার সদর, কক্সবাজার কর্তৃক পরিচালিত প্রতিবন্ধী, অনগ্রসর ও হিজড়া শিক্ষা উপবৃত্তিপ্ৰাপ্ত প্রত্যেক শিক্ষার্থীকে অত্র অফিসে সশরীরে উপস্থিত হয়ে প্রয়োজনীয় কাগজপত্রাদি জমা দান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে প্রতিবন্ধী, অনগ্রসর ও হিজড়া শিক্ষা উপবৃত্তি প্রাপ্ত প্রত্যেক শিক্ষার্থীকে জানানো যাচ্ছে যে, উপকারভোগীর তালিকা হালনাগাদ করার লক্ষ্যে বিগত ০৯ মার্চ, ২০২৩ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে অত্র কার্যালয়ে সশরীরে উপস্থিত হয়ে প্রয়োজনীয় কাগজপত্রাদি জমাদানের জন্য অনুরোধ করা হয়েছিলো। কিন্তু অদ্যাবধি অনেক শিক্ষার্থী অত্র অফিসে যোগাযোগ করেনি। আগামী ০২ এপ্রিল, ২০২৩ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে অত্র কার্যালয়ে সশরীরে উপস্থিত হয়ে প্রয়োজনীয় কাগজপত্রাদি জমাদানের জন্য পুনরায় অনুরোধ করা হলো, অন্যথায় উপবৃত্তি বাতিল করা হবে।

প্রয়োজনীয় কাগজপত্রাদি:

১। প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থী

- প্রতিবন্ধী পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি
- জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধনের সত্যায়িত ফটোকপি
- “নিয়মিত অধ্যয়নরত” মর্মে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নের সত্যায়িত ফটোকপি

২। অনগ্রসর শিক্ষা উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থী

- কোন সম্প্রদায়ের অন্তর্ভুক্ত উল্লেখপূর্বক ইউনিয়ন চেয়ারম্যানের প্রত্যয়নের সত্যায়িত ফটোকপি
- জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধনের সত্যায়িত ফটোকপি
- “নিয়মিত অধ্যয়নরত” মর্মে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নের সত্যায়িত ফটোকপি

৩। হিজড়া শিক্ষা উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থী

- হিজড়া পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি
- জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধনের সত্যায়িত ফটোকপি
- “নিয়মিত অধ্যয়নরত” মর্মে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নের সত্যায়িত ফটোকপি



২৩.০৩.২৩
(মো: কোশিক খান)


উপজেলা সমাজসেবা অফিসার
কক্সবাজার সদর, কক্সবাজার
kkhandu87@gmail.com

স্মারক নম্বর- ৪১.০১.২২২৪.০০০.১৮.০১২.১৩. ৮৪

তারিখ: ৯ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
২৩ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কক্সবাজার সদর, কক্সবাজার।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, কক্সবাজার সদর, কক্সবাজার।
- ৩। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, কক্সবাজার।
- ৪। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, কক্সবাজার সদর, কক্সবাজার।
- ৫। ফিল্ড সুপারভাইজার/ইউনিয়ন সমাজকর্মী/কারিগরী প্রশিক্ষক, উপজেলা সমাজসেবা কার্যালয়, কক্সবাজার সদর।
- ৬। অফিস কপি



উপজেলা সমাজসেবা অফিসার
কক্সবাজার সদর, কক্সবাজার